



# পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি

## POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd  
স্মারক নং- ২৭.২১.০০০০.৪২৯.১৮.০১২.২৬.৬৬১ তারিখঃ ১১/০৬/২০২৬খ্রিঃ

### ২৩০ কেভি লাইন চালুর বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় বগুড়া - নওগাঁ ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনটি (বগুড়া ৪০০/২৩০ কেভি উপকেন্দ্র হতে নওগাঁ ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র পর্যন্ত) ১৫ জুন, ২০২৬ রোজ সোমবার সকাল ১১:০০ টায় ২,৩০,০০০ ভোল্টেজ দ্বারা চালু করা হবে। চালু করার পর উক্ত বৈদ্যুতিক লাইন সার্বক্ষণিক ২,৩০,০০০ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে।

লাইনটি বগুড়া এবং নওগাঁ জেলার, পিরোজপুর, দোগাছিয়া, সিমুলিয়া, ছাত্তা, তারাপুর, মোল্লাপুর, সান্দ্রিরা, দমদমা, কদমা, রামপুরা, জোড় পুকুরিয়া, মন্ডপপুর, কুসুমী, মন্ডপপুরকুসুমী, দিখরা, মুরাদপুর, পূর্ব ডালাশা, নিমকুড়ি, তিলোচ, জরদেবপুর, চেচুয়া, মউকুড়ি, কুন্দগ্রাম, কৈল, কৈল কুন্দগ্রাম, পরানপুর, চাকদহ, ঢেকড়া, পীপড়া, ধলাহাড়, ধানপুজা, নিশিদ্ধারা, ছাইপাড়া, দুর্গাপুর, সাবানপুর, নারকেলি, আওলা খয়ের, গুরবিশা, বড় পুকুরিয়া, অখোর, মহারাজাই, আগরশাল, ধাওয়া, মালাহালী, কানাড়, চেঙ্গার, পাটিতাপারা, নন্দকুল, চক পদ্মগাড়ী, শাকপালা, ছিলিমপুর গ্রাম/মোজা উপর দিয়ে অতিক্রম করেছে।

নবনির্মিত ২,৩০,০০০ ভোল্টেজের বিদ্যুৎ সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য এবং সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/ টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দুর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**শহীদ উল্লাহ**

প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী (অঃদাঃ)

গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন প্রকল্প